



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 25
Class - 2

Subject : Bengali Text
Topic : বনের পাখি

Date : 18.12.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

১) 'ডাকাডাকি' কথার অর্থ কী, 'বনের পাখি' কবিতায় কে কোথায় ডাকাডাকি করছে আর কে তাকে ডাকছে?

উঃ 'ডাকাডাকি' কথার অর্থ হল হাঁকডাক। 'বনের পাখি' কবিতায় বনের পাখিটি ডাকাডাকি করছে। সে বনের মধ্যে ডাকাডাকি করছে। আর একটি ছোটো শিশু তাকে ডাকছে।

২) বনের পাখিটিকে পেলে শিশুটি কি করবে?

উঃ বনের পাখিটিকে পেলে শিশুটি সযতনে তাকে সোনার খাঁচায় রাখবে। পাকা ও মিষ্টি ফল তাকে খেতে দেবে। সন্ধ্যাবেলা খাঁচা থেকে ঘরে তুলে তাকে বিছানা পেতে শুতে দেবে। আর তার কচি কচি কোমল গায়ে হাত বুলিয়ে আদর করে দিন রাত তাকে সাথে সাথে রাখবে।

৩) 'বনের পাখি' কবিতার কবি সম্পর্কে ৪টি বাক্য লেখো।

উঃ 'বনের পাখি' কবিতার কবি হলেন যোগীন্দ্রনাথ সরকার। তিনি ছিলেন একজন খ্যাতনামা বাঙালি শিশু সাহিত্যিক। তিনি বাংলা ভাষায় প্রথম ছড়ার সাহায্যে আমাদের অক্ষরের পরিচয় ঘটান। তাঁর কবিতা ছড়ার ছন্দে লেখা হওয়ায় তা পড়তে ছোটোরা আনন্দ পায় ও সহজেই মুখস্থ হয়ে যায়।

_____ x _____

Rita Das